



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১-৮-২৮

তারিখ: ২০/০৪/২০২৬ খ্রি.

বিষয়: Bangladesh Good Agricultural Practices (GAP) for Safe Fruits and Vegetables Production শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষার্থী মনোনয়ন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, GAP ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC) কর্তৃক PARTNER প্রোগ্রামের অর্থায়নে মাঠ পর্যায়ে GAP ভ্যালিডেশন কার্যক্রমে সম্পৃক্ত উপসহকারী কৃষি কর্মকর্তা এবং বিএআরআই এর ফিল্ড ভ্যালিডেশন কার্যক্রমে সম্পৃক্ত বৈজ্ঞানিক সহকারী (SSA/SA) দের জন্য “Bangladesh Good Agricultural Practices (GAP) for Safe Fruits and Vegetables Production” শীর্ষক ৩ দিনব্যাপী প্রশিক্ষণটি আগামী ১২-১৪ মে ২০২৬ খ্রি. তারিখ প্রতিদিন সকাল ০৯:৩০ থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উদ্যানতন্ত্র গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুরে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রশিক্ষণে সার্বক্ষণিক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে GAP কার্যক্রমে সম্পৃক্ত মোট ১৫ জন উপসহকারী কৃষি কর্মকর্তা (SAAO)-এর মনোনয়ন প্রদান করে মনোনীত কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বর-সহ তালিকাটি আগামী ০৪ মে ২০২৬ তারিখের মধ্যে বিএআরসি বরাবর হার্ড কপি এবং sayeed63@gmail.com ঠিকানায় সফট কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, প্রশিক্ষণকালীন নিজ খরচে বিএআরআই, গাজীপুরের ডরমিটরিতে রাত্রিযাপন করা যাবে। প্রকল্পের নিয়মানুযায়ী প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনীত প্রশিক্ষার্থীরা নিজ নিজ প্রতিষ্ঠান/সংস্থা থেকে সরকারি বিধান অনুযায়ী যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

এ ব্যাপারে আপনার আন্তরিক সহযোগিতা কাম্য।

Jalau
২০/০৪/২০২৬

(ড. মোঃ আবদুছ ছালিম)

নির্বাহী চেয়ারম্যান (রু. দা.)

ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, PARTNER প্রোগ্রাম, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ৩। এপিডি, এপিসিইউ-বিএআরসি, PARTNER প্রোগ্রাম, বিএআরসি, ঢাকা।
- ৪। আহবায়ক, GAP ইউনিট, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৫। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
- ৬। অফিস কপি।